

Lecture no -20+21

বিষয়ঃ যুক্তিবিদ্যা

অধ্যায়-৩য়

ব্যক্তার্থ ও জাত্যর্থ

ব্যক্তার্থ কি?

ব্যক্তার্থ বলতে সংখ্যার দিককে বুঝায়। অর্থাৎ, কোন পদের ব্যক্তার্থ বলতে ঐ পদ একই অর্থে যে বস্তু বা বস্তুগুলোর উপর আরোপ করা হয় সে বস্তু বা বস্তুকে বুঝায়। যেমন - দার্শনিক পদের ব্যক্তার্থ হলো- সকল দার্শনিক।

জাত্যর্থ বলতে কোন পদের গুণের দিককে বুঝায়। অর্থাৎ, কোন বস্তু বা ব্যক্তির মধ্যে যে আবশ্যিক ও সাধারণ গুণ থাকে তাকে জাত্যর্থ বলে। মানুষ পদের জাত্যর্থ হলো জীববৃত্তি ও বুদ্ধিবৃত্তি।

সাধারণ ভাবে সংখ্যার দিকটিকে বলা হয় ব্যক্তার্থ। আর গুণের দিকটিকে বলা হয় জাত্যর্থ। ব্যক্তার্থ বলতে যা সংখ্যায় প্রকাশ করা হয় এবং জাত্যর্থ বলতে কারো বিশেষ গুণকে বোঝায়। যেমন- মীরা খুব মেধাবী।

ব্যক্তার্থ ও জাত্যর্থের হ্রাস- বৃদ্ধির নিয়ম

ব্যক্তার্থ ও জাত্যর্থ - র.হ্রাস- বৃদ্ধির নিয়ম ৪টি

১, যদি কোন পদের ব্যক্তার্থ বাড়ে, তাহলে তার জাত্যর্থ কমে। যেমন- সকল জীব = (সকল মানুষ+ অন্যান্য জীব)

২, যদি কোন পদের ব্যক্তার্থ কমে, তাহলে তার জাত্যর্থ বাড়ে। যেমন- মানুষ শ্রেণী থেকে অসৎ মানুষ বাদ দিলে জাত্যর্থ হবে সকল সৎ মানুষ।

৩, যদি কোন পদের জাত্যর্থ বাড়ে, তাহলে তার ব্যক্তার্থ কমে। যেমন- মানুষ পদের সাথে সভ্যতা যোগ করলে এর জাত্যর্থ বেড়ে হবে জীববৃত্তি ও বুদ্ধিবৃত্তি সভ্যতা।

৪, যদি কোন পদের জাত্যর্থ কমে, তাহলে তার ব্যক্তার্থ বাড়ে। যেমন- মানুষ পদের জাত্যর্থ জীববৃত্তি ও বুদ্ধিবৃত্তি থেকে বুদ্ধিবৃত্তি কে বাদ দিলে এর জাত্যর্থ হবে জীববৃত্তি।

প্রশ্ন ৯। যুক্তিব্যাক্যের জন্য 'সংযোজক' গুরুত্বপূর্ণ- বুঝিয়ে লেখ।

[সি. বো. '১৯.]

উত্তর: একটি যুক্তি বাক্যে দুটি পদ থাকে। আর একটি যুক্তিবাক্যে দুটি পদের মধ্যে স্বীকৃতি বা অস্বীকৃতিজ্ঞাপক কোনো সম্পর্ক প্রকাশ করা হয়। একটি যুক্তিবাক্যে যে শব্দের মাধ্যমে উদ্দেশ্য ও বিধেয় পদের মধ্যে স্বীকৃতি বা অস্বীকৃতিজ্ঞাপক সম্পর্ক প্রকাশ করা হয় তাকে সংযোজক বলে। সংযোজক যুক্তিবাক্যকে সুস্পষ্ট যৌক্তিক আকারে প্রকাশ করতে হলে অবশ্যই সংযোজক ব্যবহার করতে হবে।

প্রশ্ন ১০। সার্বিক যুক্তিবাক্যের প্রকৃতি বুঝিয়ে লেখ। [সি. বো. '১৯.]

উত্তর: সার্বিক যুক্তিবাক্যে পরিমাণগত অর্থে সার্বিক বা সমগ্রকে বুঝিয়ে থাকে। যে যুক্তিবাক্যের বিধেয় পদটি উদ্দেশ্য পদের সমগ্র সম্পর্কে কোনোকিছু স্বীকার বা অস্বীকার করে তাকে সার্বিক যুক্তিবাক্য বলে। যেমন: 'সকল ফুল হয় সুন্দর' এ যুক্তিবাক্যের বিধেয় পদটি উদ্দেশ্য পদের সমগ্র ব্যক্ত্যর্থকে স্বীকার করেছে। তাই যুক্তিবাক্যটি একটি সার্বিক যুক্তিবাক্য।